



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/মাধ্যঃ/২০২৬/৯৩৮

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্র সচিবদের নিয়ে মতবিনিময় সভা, কেন্দ্র পূর্ণবিন্যাস ও পরীক্ষার প্রস্তুতি সংক্রান্ত বিষয় অবহিতকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রি. থেকে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত পরীক্ষায় যে কোনো ধরনের অনিয়ম প্রতিরোধে সরকার কর্তৃক শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি গ্রহণ করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সিলেট শিক্ষা বোর্ড কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ :

১। পরীক্ষা কেন্দ্র পূর্ণবিন্যাসের জন্য কেন্দ্র সচিবদের নিয়ে বিগত ০৪/০৩/২০২৬ইং তারিখ বোর্ডের সম্মেলন কক্ষে কেন্দ্র ভিত্তিক মতবিনিময় অনুষ্ঠিত হয়।

২। কেন্দ্র সচিবদের মতামতের প্রেক্ষিতে ভেন্যু সংখ্যা কমিয়ে কেন্দ্র সংখ্যা বৃদ্ধি করত: তা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা হয় এবং কোন ধরনের আপত্তি থাকলে তা বোর্ডকে অবহিত করার অনুরোধ করা হয়।

৩। কেন্দ্র তালিকা ওয়েব সাইটে প্রকাশের পর কেন্দ্রের অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়।

৪। পরপর তিনবার ওয়েবসাইটে প্রকাশ ও কেন্দ্র সচিবদের অভিযোগ নিষ্পত্তি করত: কেন্দ্র ও ভেন্যুর চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়।


৫। কেন্দ্রসমূহের পরীক্ষা গ্রহণের জন্য পর্যাপ্ত প্রস্তুতি আছে কি না তা সরেজমিনে যাচাই করার জন্য বোর্ড কর্তৃক ১০টি প্রাক ভিজিটেশন টীম গঠন করত: পরিদর্শন কার্যক্রম শুরু হয়েছে, যা ১৩/০৪/২০২৬ শেষ হবে।

বিগত ০৬/০৪/২০২৬ থেকে ০৯/০৪/২০২৬ পর্যন্ত সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র সচিবদের নিয়ে জেলা ভিত্তিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়, উক্ত সভায় কেন্দ্র ও ভেন্যু নিয়ে কারো কোন আপত্তি না থাকায় ইতোমধ্যে সকল কেন্দ্রে পরীক্ষার প্রয়োজনীয় সকল মালামাল সরবরাহ করা হয়েছে।

মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের জারিকৃত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায় বিষয়টি মহোদয়কে সদয় অবহিত করা হলো।

আপনার অনুগত


০৯/০৪/২৬

(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

মাননীয় সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতির অনুলিপি প্রদান করা হলো :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৫. জেলা শিক্ষা অফিসার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৬. কেন্দ্র সচিব, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্র।
৭. সংরক্ষণ কপি।